

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান প্রতিমন্ত্রী ইমরান আহমদ এমপি'র সাথে জনশক্তি,
কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি)-র কর্মকর্তাদের মতবিনিময়

ঢাকা- ২৭ জানুয়ারি

আজ সকাল ১১.০০ টায় কাকরাইলস্থ জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর কনফারেন্স রুমে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান প্রতিমন্ত্রী ইমরান আহমদ, এমপি'র সাথে বিএমইটি'র কর্মকর্তাবৃন্দ এক মতবিনিময়সভা করেন। এর আগে কর্মকর্তারা প্রতিমন্ত্রীকে ফুল দিয়ে শুভেচ্ছা জানান এবং ক্রেস্ট প্রদান করেন।

মতবিনিময় সভায় প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান প্রতিমন্ত্রী ইমরান আহমদ এমপি বলেন, চাহিদা ভিত্তিক বৈশ্বিক কর্মসংস্থানের যে সুযোগ সৃষ্টি হয়েছে তা যথাযথভাবে কাজে লাগাতে হবে। তিনি বলেন, জনশক্তির বৈদেশিক কর্মসংস্থান বাড়াতে হলে ট্রেনিং বাড়াতে হবে। আর ভাষা শিক্ষাকে প্রাধান্য দিয়ে প্রশিক্ষণের মান বাড়াতে হবে। প্রশিক্ষণ মডিউল প্রস্তুত রাখার নির্দেশনা দিয়ে তিনি বলেন, দক্ষ জনশক্তি সৃষ্টিই বর্তমান সরকারের মূল লক্ষ্য।

প্রতিমন্ত্রী ইমরান আহমদ এমপি বলেন, দুর্নীতির ব্যাপারে সরকার জিরো টলারেন্স নীতি গ্রহণ করেছে। আর দুর্নীতি দূর হলেই সুশাসন আপনা-আপনি চলে আসবে। তিনি বলেন, নিজের উপর নিজের নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করতে হবে। তিনি আরোও বলেন, সবাইকে জনকল্যাণের মনোভাব নিয়ে কাজ করতে হবে।

বিশেষ অতিথির বক্তৃতায় ভারপ্রাপ্ত সচিব রৌনক জাহান বলেন, বিদেশে দক্ষ জনশক্তি প্রেরণে বিএমইটি নিরলসভাবে কাজ করে যাচ্ছে। তিনি বলেন, নতুন শ্রমবাজার সৃষ্টি ও বৈদেশিক মুদ্রা অর্জনে বিএমইটি-এ সম্প্রসারণ করা হবে।

বিএমইটি'র মহাপরিচালক (অতিরিক্ত সচিব) মোঃ সেলিম রেজা এর সভাপতিত্বে বক্তব্য রাখেন বোয়েসেল এর ব্যবস্থাপনা পরিচালক মরণ কুমার চক্রবর্তী, প্রবাসী কল্যাণ ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মাহতাব জাবিন, বিএমইটি'র উপপরিচালক রেজওয়ানুল হক চৌধুরী প্রমুখ।

